পদক্ষেপ ই-নিউজ

(পদক্ষেপ এর একটি মাসিক 'ই' সাময়িকী)

পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র
Since-1986

বর্ষ: ৯ | সংখ্যা: ৯৩ নভেম্বর ২০২০

প্রসপারিটি প্রকল্পের মাধ্যমে বৃদ্ধি পাচ্ছে হাওরবাসীর সক্ষমতা ও টেকসই উন্নয়ন

ভৌগলিকভাবেই বাংলাদেশের উত্তর-পূর্বদিকে রয়েছে গভীর হাওর অঞ্চল। এরমধ্যে কিশোরগঞ্জ, হবিগঞ্জ ও সুনামগঞ্জের হাওর অঞ্চলের মানুষের জীবনমান উন্নয়নের জন্য পদক্ষেপ দীর্ঘদিন ধরে বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম বাস্তবায়ন করছে। এরই ধারাবাহিকতায় অন্যান্য কার্যক্রমের পাশাপাশি গত জানুয়ারী ২০২০ তারিখ থেকে ৩টি জেলার ৫টি উপজেলায় পদক্ষেপ এর পাথওয়েস টু প্রসপারিটি ফর এক্সট্রিমলি পুওর পিপলস (পিপিইপিপি) নামে একটি প্রকল্পের কার্যক্রম শুরু হয়েছে। প্রকল্পের মূল উদ্দেশ্য হলো কর্মএলাকার সিবিওগুলোর আওতাভূক্ত ১২,৩০৫টি খানা পরিবার এর সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে দারিদ্র্য বিমোচন ও টেকসই উন্নয়ন সাধন। এছাড়াও অতিদরিদ্র জনগোষ্ঠীর অভিযোজন সক্ষমতা বৃদ্ধি ও অর্থনৈতিক উন্নতি ত্বরান্বিত করতে প্রয়োজনীয় সরকারী ও বেসরকারী সেবা প্রাপ্তি নিশ্চিতকরণে প্রাতিষ্ঠানিক ও পদ্ধতিগত কাঠামো জোরদার করতে সহযোগিতা প্রদান করা। প্রকল্পে ইতোমধ্যে জনবল নিয়োগ করে কার্যক্রম বাস্তবায়ন কৌশল নিয়ে প্রশিক্ষণ শেষে ফিল্ড পর্যায়ে খানা জরিপের কাজ চলমান রয়েছে। নভেম্বর ২০২০ পর্যন্ত হাওড় অঞ্চলের ১৭টি ইউনিয়নের ১০৭১৯টি খানায় প্রশ্নপত্রের মাধ্যমে তথ্য সংগ্রহ করা হয়েছে। খানা জরিপ পরবর্তী প্রকল্পের আওতায় ৬টি বিষয়ভিত্তিক কম্পোনেন্ট রয়েছে সেগুলো হলো- টেকসই জীবিকায়ন, পুষ্টি, কমিউনিটি মোবিলাইজেশন, বাজার উন্নয়ন, পলিসি এডভোকেসি, লাইফ-সাইকেল গ্র্যান্ট পাইলট এবং প্রকল্পের তিনটি ক্রস কাটিং ইস্যু হলো- প্রতিবন্ধিতা, দুর্যোগ ও জলবায়ু পরিবর্তন মোকাবেলা এবং নারীর ক্ষমতায়ন। প্রকল্পটি যুক্তরাজ্যের ডিএফআইডি এবং ইউরোপীয় ইউনিয়নের যৌথ অর্থায়নে এবং পল্লী কর্মসহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সহায়তায় বাস্তবায়িত হচ্ছে।

নির্বাহী পরিচালক মহোদয়ের মাধবদী ব্রাঞ্চ পরিদর্শন ও মত বিনিময় সভা

গত ২৭ নভেম্বর ২০২০ তারিখ পদক্ষেপ এর নির্বাহী পরিচালক মোঃ সালেহ বিন সামস ঢাকা জোনের আওতাধীন নরসিংদী এরিয়ার মাধবদী ব্রাঞ্চ পরিদর্শন করেন। এ সময় তিনি ব্রাঞ্চের ষ্টাফদের সাথে কোভিড-১৯ পরবর্তী কার্যক্রম পরিচালনায় সমস্যা, সম্ভাবনা এবং আগামী দিনে কর্মসূচী বাস্তবায়ন কৌশল বিষয়ে মত বিনিময় করেন। সভায় তিনি কোভিড-১৯ পরবর্তী সময়ে কার্যক্রম বাস্তবায়ন কৌশল এবং কোভিড -১৯ এর সম্ভাব্য ২য় ধাপের সংক্রমণে কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করেন। তিনি কোভিড-১৯ এ ক্ষতিগ্রস্ত সদস্যদের মাঝে ঋণ সহায়তা কার্যক্রম বৃদ্ধির পরামর্শ দেন। এ সময় উপস্থিত ছিলেন ঢাকা জোনের জোনাল ম্যানেজার খন্দকার আবুল বাসার, নরসিংদী এরিয়ার এরিয়া ম্যানেজার মুহাম্মদ আলমগীর ও মাধবদী ব্রাঞ্চের ব্রাঞ্চ ম্যনেজার মোঃ আশরাফুল ইসলাম'সহ ব্রাঞ্চের সকল কর্মীগন। ব্রাঞ্চ পরিদর্শনকালে নির্বাহী পরিচালক মহোদয় ব্রাঞ্চের কর্মীভিত্তিক পারফর্মেন্স পর্যালোচনা করে কাজের গুনগত মান ও ঋণস্থিতি বৃদ্ধি এবং ব্রাঞ্চের এলএলপি হ্রাসের পরামর্শ প্রদান করেন।

পদক্ষেপ এর "ইইউ সাপোর্ট টু হেলথ এ্যান্ড নিউট্রিশন টু দি পুওর ইন আরবান বাংলাদেশ" প্রকল্পের ওরিয়েন্টেশন কর্মশালা

পদক্ষেপ এর "ইইউ সাপোর্ট টু হেলথ এ্যান্ড নিউট্রিশন টু দি পুওর ইন আরবান বাংলাদেশ" প্রকল্পের আওতায় নভেম্বর ২০২০ মাসে নোয়াখালি, গোপালগঞ্জ, ফরিদপুর, মাদারিপুর, শরিয়তপুর ও কিশোরগঞ্জ জেলার বিভিন্ন পৌরসভায় ১১টি কর্মশালার মাধ্যমে মোট ১৪০ জন জনপ্রতিনিধিকে নগরে প্রাথমিক স্বাস্থ্যসেবা নিশ্চিতকল্পে ওরিয়েন্টেশন প্রদান করা হয়। এসব কর্মশালায় সংশ্লিষ্ট পৌরসভাগুলোর সকল কাউন্সিলর অংশগ্রহণ করেন। কর্মশালাগুলোর আয়োজন ও পরিচালনায় ছিলেন পদক্ষেপ এর প্রোগ্রাম ম্যানেজার মনিরুজ্জামান সিদ্দিক। সহযোগিতায় ছিলেন পদক্ষেপ এর ব্যবস্থাপক আনিস হোসেন চৌধুরী ও উপব্যবস্থাপক মোঃ কামরুল ইসলাম মারুফ এবং সংশ্লিষ্ট জোনের জোনাল ম্যানেজারগণ। এছাড়া ফ্যাসিলিটেটর হিসেবে প্রশিক্ষক আয়েশা সিদ্দিকা আশা, প্রশিক্ষক হিসেবে ইইউ প্রজেক্টের মোঃ রফিকুল ইসলাম ও নার্গিস মজিদ লীমা দায়িত্ব পালন করেন। উল্লেখ্য যে, পদক্ষেপ দেশের ৩২৯টি পৌরসভার আওতায় ৩৬০০ জন মেয়র ও কাউন্সিলরদের নিয়ে "ইইউ সার্পোট টু হেলথ এ্যান্ড নিউট্রিশন টু দি পুউর ইন আরবান বাংলাদেশ" প্রকল্পটি বাস্তবায়ন করছে।

পরবর্তী পৃষ্ঠায় দেখুন

লঙ্কান অ্যালায়েন্স ফিন্যান্সের সাথে পদক্ষেপ এর চুক্তি স্বাক্ষর

গত ৫ নভেম্বর ২০২০ তারিখে শ্রীলঙ্কার বৃহত্তম রাষ্ট্রীয় মালিকানাধীন ব্যাংক পিপলস ব্যাংকের সহযোগী সংস্থা লঙ্কান অ্যালায়েন্স ফিন্যান্স লিমিটেড এর প্রধান কার্যালয়ে পদক্ষেপ এর সাথে ঋণ চুক্তি স্বাক্ষরিত হয়েছে। এই চুক্তির ফলে পদক্ষেপ তার এসএমই সদস্যদেরকে অর্থায়নের জন্য ১০ কোটি টাকার ঋণ সুবিধা পাবে। এলএএফএল-এর চিফ অপারেটিং অফিসার কাজী নাসিম আহমেদ এবং পদক্ষেপ এর নির্বাহী পরিচালক মোঃ সালেহ বিন সামস নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন। অনুষ্ঠানে এলএএফএল এর এসএমই প্রধান মোঃ সাইফুল ইসলাম, পদক্ষেপ এর অর্থ ও হিসাব বিভাগের ম্যানেজার মোঃ সামসুজ্জামান এবং অন্যান্য সিনিয়র অফিসারবৃন্দ উপস্থিত ছিলেন।

বিরল ব্রাঞ্চের সদস্য কল্যাণ তহবিলের সুবিধা প্রদান বিষয়ক সভা অনুষ্ঠিত

গত ৮ নভেম্বর ২০২০ তারিখ দিনাজপুর জোনের বিরল ব্রাঞ্চে সদস্য কল্যাণ তহবিল হতে সুবিধা প্রদান বিষয়ক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় ৬টি সমিতির ৬ জন সদস্য/নমিনীকে কল্যান তহবিল হতে সুবিধা প্রদান করা হয়েছে। সুবিধাপ্রাপ্ত ৬ জন সদস্যের মধ্যে ৪ জনের স্বামী ও ১ জন মহিলা সদস্য মারা যান এবং ১ জনের স্বামী পঙ্গুত্ব বরণ করেন। বর্তমানে তাদের ঋণ পরিশোধের কোন ব্যবস্থা না থাকায় অপরিশোধিত ঋণস্থিতির সার্ভিস চার্জসহ সমুদয় টাকা সদস্য/স্বামীর মৃত্যু জনিত কারনে সদস্য কল্যাণ তহবিল হতে মওকুফ করা হয়। তাদেরকে মোট ৩,৬৯,০৬০ টাকার ঋণ মওকুফ করা হয় এবং জমাকৃত ৪৮,৯১৩ টাকার সঞ্চয় ফেরৎ দেওয়া হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পদক্ষেপ এর ক্ষুদ্র অর্থায়ন কর্মসূচীর প্যানেল-৫ এর উপব্যবস্থাপক মোঃ আবুল কালাম আজাদ, দিনাজপুর জোনের জোনাল ম্যানেজার মোঃ ফখরুল আহমেদ, এরিয়া ম্যানেজার মোঃ শফিকুল ইসলাম, ব্রাঞ্চ ম্যানেজার মানিক চন্দ্র সরকার, সংশ্লিষ্ট ওয়ার্ডের কমিশনার শমসের আলী, মোঃ গোলাম রাব্বানী, প্যানেল চেয়ারম্যান মোঃ হাফিজুর রহমান'সহ এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ এবং সুবিধা গ্রহণকারী সংস্থার উপকারভোগীবৃন্দ। উপস্থিত ব্যক্তিবর্গ এ ধরণের সুযোগ সুবিধা প্রদানের জন্য সংস্থার প্রশংসা করে উত্তরোত্তর সাফল্য কামনা করেন।

ভিজিডি প্রকল্পের কার্যক্রম

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আর্থিক সহায়তায় ২০১৯ সালের জুলাই মাস থেকে পদক্ষেপ রংপুর বিভাগের তারাগঞ্জ উপজেলার ৩টি ইউনিয়নে ভিজিডি প্রকল্প বাস্তবায়ন করছে। প্রকল্পের মূল লক্ষ্য হচ্ছে ভিজিডি উপকারভোগীদের আর্থসামাজিক উন্নয়ন করা। প্রকল্পের মূল কার্যক্রমগুলো হলো, আয়বর্ধনমূলক কার্যক্রম এবং স্বাস্থ্য, পুষ্টি ও ব্যক্তিগত পরিচ্ছন্নতা বিষয়ক প্রশিক্ষণ প্রদান, সঞ্চয় সংগ্রহ ও ব্যবস্থাপনা এবং মোট ২০৫০ জন ভিজিডি কার্ডধারীদের মাঝে খাদ্য বিতরণ কাজ পরিবীক্ষণ করা। নভেম্বর ২০২০ সময়ে প্রকল্পের আওতায় মা ও শিশু স্বাস্থ্য এবং খাদ্য ও পুষ্টি বিষয়ে ২৫ জন, এইচ আইভি এইডস এবং মাদক ও তামাকজাত দ্রব্যের প্রভাব বিষয়ে ২৫ জন এবং পোল্ট্রি ফার্মিং বিষয়ে ২৫ জন'সহ মোট ৭৫ জনকে জীবন দক্ষতা ও আয়বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদান করা হয়।

নভেম্বর মাসে প্রশিক্ষণ পেয়েছে ৪৯৩ জন

নভেম্বর ২০২০ মাসে পদক্ষেপ এর ক্ষুদ্র অর্থায়ন কর্মসূচির মাঠ পর্যায়ের এবং প্রধান কার্যালয়ের সর্বমোট ৪৯৩ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এরমধ্যে অভ্যন্তরীণ ভাবে ২৩৯ জন নতুন নিয়োগপ্রাপ্ত কমিউনিটি ম্যানেজারকে বেসিক ওরিয়েন্টেশন এবং ২২৫ জন কর্মকর্তাকে "অগ্রসর ঋণীর ব্যবসা বিশ্লেষণ, সম্ভাব্যতা যাচাই ও গ্রাহক বান্ধব সেবায় করণীয়" বিষয়ে অনলাইনভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। পাশাপাশি আইএনএম এবং পদক্ষেপ এর যৌথ উদ্যোগে ২৬ জন কর্মকর্তাকে "ক্ষুদ্র অর্থায়ন কার্যক্রমের ঝুঁকি ব্যবস্থাপনা ও মনিটরিং-এ মাঠ পর্যায়ে উর্ধ্বতন ব্যবস্থাপকদের বিশেষ দক্ষতা উন্নয়ন" বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া বহি:সংস্থা ক্রিয়েটিভ কনসালটেন্ট কর্তৃক ০৩ জন কর্মকর্তাকে "Fund Raising Capacity Building for NGOs" বিষয়ে অনলাইনভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয়।

পিআইডিএম এ মাসে সেবা দিয়েছে ৫০০ জনকে

পদক্ষেপ তার নিজস্ব প্রশিক্ষণ ইনস্টিটিউট পিআইডিএম-এ পদক্ষেপ'সহ সরকারী বেসরকারী বিভিন্ন প্রতিষ্ঠানের সহযোগিতায় ও যৌথ ব্যবস্থাপনায় বিভিন্ন বিষয়ভিত্তিক প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করে আসছে। নভেম্বর ২০২০ মাসে পদক্ষেপ'সহ ১৮টি উন্নয়ন সহযোগী সংস্থার মোট ৫০০ জন কর্মী/উপকারভোগীকে ১৩টি ব্যাচে খাদ্য, ভেন্যু ও আবাসন সেবা প্রদান করা হয়েছে। ৫০০ জনের মধ্যে পদক্ষেপ এর ০১ জন এবং অন্যান্য সংস্থার ৪৯৯ জন সেবা গ্রহণ করেছে।

নভেম্বর মাসে ৩৪ জনকে নিয়োগ দিয়েছে পদক্ষেপ

পদক্ষেপ থেকে নভেম্বর ২০২০ মাসে ক্ষুদ্র অর্থায়ন কর্মসূচীর বিভিন্ন জোনের বিভিন্ন ব্রাঞ্চে সি.এম পদে ২৮ জনকে, PPEPP প্রকল্পের শাল্লা এরিয়ায় সহকারী টেকনিক্যাল অফিসার পদে ১ জনকে, সমৃদ্ধি কর্মসূচীর দাসেরবাজার ইউনিয়নে সমাজ উন্নয়ন কর্মকর্তা পদে ১ জনকে, রাজশাহী জোন অফিসে ১ জন ও তাহেরপুর এরিয়া অফিসের জন্য ১ জনকে ও পদক্ষেপ প্রিন্টিং এন্ড প্রেসে সিকিউরিটি গার্ড পদে ১ জনকে এবং প্রধান কার্যালয়ে ড্রাইভার পদে ১ জনকে নিয়োগ প্রদান করা হয়েছে।

অক্টোবর মাসে রেমিটেন্স লেনদেন হয়েছে ৯৯৪টি

নভেম্বর ২০২০ মাসে বিভিন্ন ব্রাঞ্চের মাধ্যমে মোট ৯৯৪ জন গ্রাহককে ৪.৬৮ কোটি টাকা রেমিটেন্সের অর্থ প্রদান করা হয়েছে। এভাবে এপর্যন্ত পদক্ষেপ মোট ১,৩৯,৪১৫ জন গ্রাহককে ৪১৯.৯৯ কোটি টাকা রেমিটেন্সের অর্থ প্রদান করেছে। উল্লেখ্য যে, ক্ষুদ্রঋণ কার্যক্রমের সাথে পদক্ষেপ দেশব্যাপী মানিগ্রাম, ট্রান্স-ফাস্ট, এক্সপ্রেস মানি, সিবিএল মানি ট্রান্সফার, ইজেড রেমিট, আল জাদিদ, আফতাব কারেন্সি, ইউনিমনি, ইনস্ট্যান্ট ক্যাশ ও রিয়া'সহ মোট ২৮টি এক্সচেঞ্জ হাউজ/ প্রতিষ্ঠানের মাধ্যমে দ্রুততম সময়ে বিদেশ হতে প্রেরিত রেমিটেন্স গ্রাহকের হাতে পৌঁছে দিচ্ছে।

কর্মী কল্যাণ তহবিল, সিপিএফ ও অনুদান প্রদান

নভেম্বর ২০২০ মাসে সিপিএফ হতে ৩২ জন কর্মীকে ২৪,৫০,৩২৭/- টাকা এবং কর্মী কল্যাণ তহবিল হতে ২৮ জন কর্মীকে ১,৭৬,৯৯০/- টাকা প্রদান করা হয়েছে। এছাড়া কর্মী স্বেচ্ছা সঞ্চয় ও বীমা প্রোগ্রাম থেকে ৫৯ জনকে ১৭,৪৬,৭৩৮/- টাকা এবং কর্মী কল্যাণ তহবিল থেকে ১৭ জনকে ৩,৪০,০০০০/- টাকা প্রদান করা হয়েছে।

পাবলিকেশন ও ডকুমেন্টেশন সেকশন কর্তৃক প্রণয়নকৃত মাসিক ই-নিউজে আপনার আওতাধীন কার্যক্রমের প্রতিমাসের গুরুত্বপূর্ণ সংবাদ পরবর্তী মাসের ৫ তারিখের মধ্যে zahid@padakhep.org ই-মেইলে জমা প্রদানের আহবান করা হলো। **১০ তারিখের পরে কোন তথ্য গ্রহণ করা হবে না।**

ই-নিউজ পড়ুন পদক্ষেপ এর সমসাময়িক ঘটনাবলী জানুন এবং ইমেইলের মাধ্যমে আপনার মতামত প্রদান করুন।

পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র

বাড়ী নং-৫৪৮, রোড নং-১০, বায়তুল আমান হাউজিং সোসাইটি, আদাবর, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭
ফোন : ৫৮১৫১১২৬, ৫৮১৫৬৯২৫, ৫৫০১০৪০৫ ৫৫০১০৪০৬, ফ্যাক্স : ৮৮-২-৯১৩৭৩১০, ৯১৩৭৩৬১
E-mail : pmukall@padakhep.org
info@padakhep.org, Web: www.padakhep.org